দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL. 6. 1999...
পৃষ্ঠা ১২ কলাম ৩...

১২

# চট্টগ্রামে ধর্ম প্রতিমন্ত্রী ঘেরাও ও লাঞ্ছিত জুতা ও ইট নিক্ষেপ

চট্টগ্রাম ব্যুরো ঃ বিক্ষুব্ধ মুসল্লীদের রুদ্র রোষে পড়ে ধর্ম প্রতিমন্ত্রী মাওলানা নূরুল ইসলাম লাঞ্ছিত হয়েছেন। সমবেত শত শত মুসল্লী মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্তের প্রতিবাদে বিক্ষোভ প্রদর্শন, মন্ত্রীকে ঘেরাও এবং মন্ত্রীর গাড়ী লক্ষ্য করে জুতা-স্যান্ডেল ও ইটপাটকেল ছুঁড়ে মেরেছে। গতকাল (সোমবার) বিকেলে আন্দরকিল্লা শাহী জামে মসজিদ চত্বরে এ ঘটনা ঘটে। পুলিশ ও প্রত্যক্ষদর্শী মুসল্লীরা জানান, মন্ত্রী অনির্ধারিতভাবে আন্দরকিল্লা জামে মসজিদে আসরের নামাজ আদায় করেন। নামাজ শেষে তিনি মুসল্লীদের উদ্দেশে বক্তৃতা দিতে দাঁড়াতেই মুসল্লীরা বিক্ষুব্ধ হয়ে ওঠেন। মুহূর্তের মধ্যে মুসল্লীরা উত্তেজিত হয়ে শ্লোগান দিতে থাকেন। তারা "মাদ্রাসা শিক্ষা বন্ধ কেন, ধর্মমন্ত্রী জবাব চাই", "ইসলামী শিক্ষা নিয়ে ষড়যন্ত্র চলবে না, বন্ধ কর" প্রভৃতি শ্লোগান দিয়ে মন্ত্রীকে ঘিরে ফেলেন। অবস্থা বেগতিক দেখে মন্ত্রী বক্তব্য না দিয়ে উত্তর দিকের দরজা দিয়ে দ্রুত বেরিয়ে যেতে থাকেন। মুসল্লীরাও শ্লোগান দিতে দিতে মন্ত্রীর পিছে পিছে ছুটে যান। এক পর্যায়ে শ্লোগান শুনে মসজিদের উত্তর গেইটে অবস্থানরত পুলিশ দল মন্ত্রীকে উদ্ধার করতে জুতা পায়ে মসজিদের বারান্দায় ঢুকে পড়ে। এতে বিক্ষুব্ধ মুসল্লীরা আরো উত্তেজিত হয়ে পুলিশ ও মন্ত্রীর গাড়ী লক্ষ্য করে জুতা, স্যান্ডেল ছুঁড়তে শুরু করে। মুসল্লীদের প্রচণ্ড বিক্ষোভ ও জুতা স্যান্ডেল নিক্ষেপের মধ্যে মন্ত্রী পুলিশের সহযোগিতায় গাড়ীতে উঠেন। প্রত্যক্ষদর্শীরা জানায়, এ সময় বিক্ষুব্ধ মুসল্লীদের সাথে আশপাশের লোকজনও যোগ দেন। তারা মসজিদ চত্বরে রাখা ফুলের টপ ভেঙে টবের ভাঙ্গা অংশ এবং ইট-পাটকেল মন্ত্রীর গাড়ীতে ছুঁড়ে মারেন। মন্ত্রীকে বহনকারী গাড়ীটি স্থান ত্যাগ করার পর পুলিশ দল মসজিদ চত্বরে মুসল্লী ও সাধারণ মানুষের উপর লাঠিচার্জ করে।